

এলপি গ্যাস লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অংগ প্রতিষ্ঠান)

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

সূত্র : ২৮.২৭.০০০০.০০৫.১৫.০০১.১৮-৪২৫

তারিখ : ১৩/০৮/২০২০ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে বিপিসি'র কর্মসূচী চূড়ান্তকরণ সংক্রান্ত ০৬/০৮/২০২০ তারিখের সভার সিদ্ধান্ত ও নির্দেশনা অনুযায়ী জাতীয় কর্মসূচীর সাথে সমন্বয় রেখে বিপিসি ও এর অংগ প্রতিষ্ঠানসমূহে জাতীয় শোক দিবস-২০২০ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করা হয় :

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার বিপিসি ও এর অধীনস্থ সকল কোম্পানিসমূহের প্রধান কার্যালয়, ঢাকাস্থ লিয়াজেঁ অফিস, কোম্পানির মেইন ইন্টেলেশন ও ডিপোসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ।
০২।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ পুরো আগস্ট মাস কালো ব্যাজ ধারণ করবেন।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ।
০৩।	১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার জয়পাহাড়স্থ বিপিসি'র কেন্দ্রীয় জামে মসজিদে বিপিসি'র পরিচালক (অর্থ) এর নেতৃত্বে বাদ যোহর সামাজিক দূরত্ব নিশ্চিতকরণপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে কুরআন খানি, মিলাদ মাহফিল ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।	বিপিসি'র কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৪।	বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ তাদের নিজ নিজ ব্যবস্থাপনায় সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ পূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে কুরআন খানি, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করবে।	বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ।
০৫।	ক) ঢাকাস্থ বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। খ) বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ পৃথক পৃথক ব্যানার, ফেস্টুন ও পুষ্পস্তবকসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্ধারিত সময় ও স্থানে সমবেত হবেন। উল্লেখ্য, ব্যানার ও ফেস্টুনে জাতির জনক বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীর অফিসিয়াল লোগো সংযুক্ত করতে হবে। গ) পদ্মা অয়েল কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক উক্ত আয়োজনের সার্বিক তত্ত্বাবধান করবেন।	ক) ঢাকাস্থ বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। খ) বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহ।
০৬।	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সুবিধাজনক সময় নির্ধারণ করে বিপিসি ও এর অধীন কোম্পানিসমূহের সর্বোচ্চ ২৫০ জন কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে অনলাইনে একটি আলোচনা সভার আয়োজন করতে হবে। আলোচনা সভার জন্য বিপিসি'র পরিচালক (অর্থ)-কে আহবায়ক করে, বিপিসি'র সচিব, ও কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।	পরিচালক (অর্থ), বিপিসি ও সচিব, বিপিসি।
০৭।	জাতীয় শোক দিবস, ২০২০ উদযাপন উপলক্ষ্যে ১৫/০৮/২০২০ তারিখ দুপুরে বিপিসি ও কোম্পানিসমূহ কর্তৃক স্থানীয় এতিমখানায় খাবার বিতরণ করবে।	ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল
০৮।	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করতে হবে। জাতীয় শোক দিবসের উক্ত অনুষ্ঠানসমূহে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা প্রস্তুত করে বিপিসির সাচিবিক বিভাগে প্রেরণ করতে হবে।	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ।

এতদপ্রেক্ষিতে বর্ণিত কর্মসূচীতে অত্র কোম্পানির সকল কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীকে স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, বর্ণিত তারিখ ও সময়ে কর্তব্যরত নিরাপত্তা প্রহরীদেরকে সজাগ ও সুষ্ঠুভাবে নিষ্ঠার সাথে দায়িত্ব ও কর্তব্য পালনের জন্য নির্দেশ দেয়া হলো।

(মোঃ আলী হোসেন)
উপ-মহাব্যবস্থাপক (এ এন্ড পি)
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, এলপিজিএল, চট্টগ্রাম-সদয় অবগতির জন্য।
- ২) ব্যবস্থাপক (অপাঃ ও রক্ষণাঃ), এলপিজিএল, কৈলাশটিলা প্ল্যান্ট, সিলেট-নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৩) সকল কর্মকর্তাবৃন্দ, এলপিজিএল, চট্টগ্রাম/সিলেট।
- ৪) সভাপতি/সাধারণ সম্পাদক, ওয়ার্কস ইউনিয়ন, এলপিজিএল, চট্টগ্রাম।
- ৫) সকল শ্রমিক-কর্মচারীবৃন্দ, এলপিজিএল, চট্টগ্রাম/সিলেট। ৬) নিরাপত্তা শাখা, এলপিজিএল, চট্টগ্রাম/সিলেট। ৭) কেবিনেট কেয়ার টেকার, এলপিজিএল, চট্টগ্রাম। ৮) নোটিশবোর্ড, এলপিজিএল, চট্টগ্রাম/সিলেট। ৯) অফিসকপি।